



জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম  
এম.এম.আলী রোড, দামপাড়া, চট্টগ্রাম  
<http://shilpakala.chittagong.gov.bd>

৪৩.২০.১৫০০.০০০.০১.০১২.২৩-

তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২৩খ্রি.


বিষয় : গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ৭৭তম জন্মদিন উদযাপন উপলক্ষে দেশব্যাপী শিশু-কিশোর-যুবকদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ৭৭তম জন্মদিন উদযাপন উপলক্ষে দেশব্যাপী শিশু-কিশোর-যুবকদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। এ প্রেক্ষিতে নিম্নবর্ণিত নিয়মাবলীর আলোকে চট্টগ্রাম জেলার আগ্রহী প্রতিযোগীদের অংকিত চিত্রকর্ম নির্ধারিত সময়ের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

### প্রতিযোগিতা সংক্রান্ত তথ্যাদি

অংকিত চিত্রকর্ম জমাদানের তারিখ, সময় ও স্থান	বিভাগ ও শ্রেণি	বিষয়	মাধ্যম	প্রয়োজনীয় নির্দেশনা
তারিখ: ৫ অক্টোবর ২০২৩ সময়: বিকাল ৩টার মধ্যে স্থান: জেলা শিল্পকলা একাডেমি চট্টগ্রাম	'ক' বিভাগ প্রথম - পঞ্চম শ্রেণি	বাংলাদেশ ও শেখ হাসিনা	রং পেন্সিল, পোস্টার রং, প্যাস্টেল রং ও জলরং সহ যেকোন মাধ্যম	কাগজের মাপ অবশ্যই ১৬ ইঞ্চি ১১ ইঞ্চি হতে হবে। ছবির পিছনে শিল্পীর নাম, শ্রেণি, বিভাগ, ঠিকানা এবং মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।
	'খ' বিভাগ ষষ্ঠ - দশম শ্রেণি	উন্নয়নের মহাকাবি ও মানবতার মা		
	'গ' বিভাগ একাদশ - দ্বাদশ শ্রেণি	স্মার্ট বাংলাদেশের রূপকার জননেত্রী শেখ হাসিনা		

উল্লেখ্য যে, সারাদেশ থেকে প্রাপ্ত বাছাইকৃত চিত্রকর্ম সমূহ নিয়ে জাতীয় পর্যায়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি ঢাকায় চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় ১টি গ্রান্ড পুরস্কারসহ উপজেলা, জেলা ও ঢাকা মহানগর পর্যায়ে মোট ৭৭টি পুরস্কার প্রদান করা হবে।

  
মোঃ মোসলেম উদ্দিন  
জেলা কালচারাল অফিসার  
জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম

অনুলিপি: সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম (সদয় অবগতির জন্য)
২. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম
৩. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম